

ঘুরে দাঁড়াতে আরও দেরি!

নিজস্ব সংবাদদাতা

অতিমারির ফলে দেশের ধাক্কা খাওয়া অর্থনীতি উৎসবের মরসুমেই ঘুরে দাঁড়াতে শুরু করেছে বলে দাবি করছে সরকারি মহল। তবে স্টেট ব্যাঙ্কের চেয়ারম্যান দীনেশ খারার মতে, আগামী অর্থবর্ষ শুরুর আগে অর্থনীতির ছন্দে ফেরার সম্ভাবনা কম। শনিবার বণিকসভা বেঙ্গল চেম্বারের এক সভায় তিনি জানান, শ্রমিকের অভাব এবং সরবরাহ ব্যবস্থার সমস্যার জন্য উৎপাদন শিল্প এখনও তাদের ক্ষমতার ৬৯ শতাংশের বেশি কাজে লাগাতে পারছে না।

এ দিন কৃষি ঋণকেও মোরাটোরিয়ামের সময়ে সুদের উপরে সুদ ছাড়ের সুবিধার আওতায় নিয়ে আসার পক্ষে সওয়াল করেন বঙ্কন ব্যাঙ্কের কর্ণধার চন্দ্রশেখর ঘোষ। তিনি জানান, ভাল চাষের উপরে ভর করে গ্রামীণ অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে।